

২০২৪

চতুর্থ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : LCC(2)-1

(বাংলা ভাষাবিজ্ঞান, সাহিত্যের রূপভেদ ও কাব্য)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) আগন্তুক বা কৃতঞ্চ শব্দ কাকে বলে? এই শ্রেণির শব্দের বিভাজনগুলি নির্দেশ করো। বাংলা শব্দভাণ্ডারে এই শ্রেণির শব্দগুলির গুরুত্ব বিশ্লেষণ করে দেখাও। ২+২+৬

অথবা,

(খ) সংজ্ঞা ও উদাহরণসহ বাংলা ভাষার ধ্বনিপরিবর্তনের যে-কোনো দুটি সূত্র সম্পর্কে আলোচনা করো। ১০

২। (ক) ঐতিহাসিক উপন্যাস বলতে কী বোঝানো হয়? ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো। যে-কোনো একটি ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো। ২+৪+৪

অথবা,

(খ) গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি যে-কোনো একটি বাংলা গীতিকবিতার উদাহরণসহ বিশ্লেষণ করে দেখাও। ১০

৩। (ক) মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা,

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে রাবণের রাজসভার যে ঐশ্বর্যময় বিবরণ রয়েছে তাৎপর্যসহ তার বর্ণনা দাও। ১০

৪। উদাহরণসহ সংজ্ঞা দাও—

(ক) বিষমীভবন

অথবা,

(খ) মহাপ্রাণীভবন।

৫। (ক) ট্রাজেডি নাটকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(খ) রোমান্স বলতে কী বোঝানো হয় আলোচনা করে বুঝিয়ে দাও।

৫

৬। (ক) এক পুত্রশোকে তুমি আকুলা, ললনে,

শত পুত্রশোকে বুক আমার ফাটিছে দিবানিশি!

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য নির্দেশ করো।

৫

অথবা,

(খ) বীরবাহুর মৃত্যু প্রথম সর্গের মুখ্য ঘটনা। কিন্তু মেঘনাদ চরিত্রটির প্রথম সর্গে গুরুত্ব কোথায় আলোচনা করে দেখাও।

৫

৭। (ক) টীকা লেখো—

নাসিকীভবন

৫

অথবা,

(খ) বাংলা ছোটগল্পের কয়েকটি মৌলিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৫

অথবা,

(গ) “শোকের ঝড় বহিল সভাতে!

সুর-সুন্দরীর রূপে শোভিল চৌদিকে

বামাকুল; মুক্তকেশ মেঘমালা, ঘন

নিশ্বাস প্রলয়-বায়ু; অশ্রুবারি ধারা

আসার; জীমূত-মন্ত্র হাহাকার রব!”

— প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) তদ্ভব শব্দ বলতে কী বোঝানো হয়?

(খ) ‘নেমন্তন্ন’ কী ধরনের শব্দ?

(গ) বড় দাদা > বড়দা— কী ধরনের ধ্বনি পরিবর্তন?

(ঘ) ‘মন্দির’ শব্দটির অর্থগত পরিবর্তন নির্দেশ করো।

(ঙ) ‘গলে জল হয়ে গেছে’— বাক্যটির বিপর্যাস নির্দেশ করো।

- (চ) 'দোস্ত', 'ওস্তাদ' কী ধরনের শব্দ?
- (ছ) 'সূর্য' কী জাতীয় শব্দ?
- (জ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।
- (ঝ) একটি বাংলা পৌরাণিক নাটকের নাম লেখো।
- (ঞ) একটি বাংলা কমেডি নাটকের নাম লেখো।
- (ট) 'মেঘনাদবধ' কাব্যে 'বারুণী' কী কাজে ব্যবহৃত হয়েছেন?
- (ঠ) 'ধন্য রক্ষঃপতি নৈকষেয়' — 'নৈকষেয়' কে?
- (ড) মেঘনাদের মায়ের নাম কী?
- (ঢ) 'শোকের ঝড় বহিল সভাতে!' — কোন অলঙ্কার?
- (ণ) একটি বাংলা ঐতিহাসিক নাটকের নাম লেখো।
-